

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৫৬২. ২০১২- ২০'৩৩

তারিখঃ ২৭/১৪/১৭


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৫৪৩৬/২০১২ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৭০/২০১৭ মোকদমার রুল ও আরজি।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ৮ (আট)টি প্রকল্পের ৬৫ (পয়ষট্টি) জন কর্মকর্তা/কর্মচারী তাদের চাকুরি রাজস্ব খাতে আত্মীকরণের জন্য মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত পিটিশনে ৩০-০৭-২০১৩ তারিখের রায়ে আবেদনকারীগণকে আত্মীকরণ করার আদেশ প্রদান করেন। উক্ত আদেশ বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৭০/২০১৭ দায়ের করা হয়। বর্ণিত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ২১-০৩-২০১৭ তারিখের আদেশে কেন আদালত অবমাননাকর কার্যক্রম গ্রহণ করা হবে না, ১৮-০৪-২০১৭ তারিখের মধ্যে তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করেন।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ এর ৩০/০৭/২০১৩ তারিখের রায় বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ কনটেম্পট পিটিশনের কপি ----- ফর্দ।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
☎ ৯৫৪০৯৯৫
arif 6550@yahoo.com

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। উপসচিব (পাস-১) শাখা, স্থানীয় সরকার বিভাগ (বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন সংগ্রহে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)